

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি : তৃতীয়

বিষয় : বাংলা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

**প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ১ ও ২ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ।**

ব্রতচারীদের বিভিন্ন শিক্ষা তাঁর মনে গেঁথে গিয়েছিল। সবসময় তিনি সহজ সরল জীবনযাপন করেছেন। কোথাও গেলে সময়মতো যেতেন। দেরি করে যাওয়া তাঁর স্বভাবের মধ্যে ছিল না। কামরুল হাসান যুক্ত হয়েছিলেন শিশু কিশোর সংগঠনের সঙ্গে। মুকুল ফৌজের নেতৃত্ব ছিলেন। কিশোরদের তিনি ব্যায়াম শেখাতেন। সহজ সরল জীবনের কথা তাদের বলেছেন। শিখিয়েছেন সততা, শিখিয়েছেন দেশকে ভালোবাসতে, মানুষকে ভালোবাসতে।

১। নিচের শব্দগুলোর অর্থ লিখ : (যেকোন ৫টি)

১ × ৫ = ৫

গাঁথা, যুক্ত, যাপন, সঙ্গে, সরল, ব্যায়াম, সবসময়।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লিখ :

২ + ৪ + ৪ = ১০

ক) কার মনে ব্রতচারীদের বিভিন্ন শিক্ষা গেঁথে গিয়েছিল?

খ) কামরুল হাসান কোন কিশোর সংগঠনের সাথে যুক্ত হয়েছিলেন ?

গ) কামরুল হাসানের স্বভাবের মধ্যে কী ছিল না ?

**প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ৩ ও ৪ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ।**

শাকিল তৃতীয় শ্রেণিতে পড়ে। সে খুব অলস। কোনো কাজ করতে উৎসাহ পায় না। কিন্তু মুখে বড় বড় গল্প করে। কেউ বিপদে পড়লে ভয়ে পালিয়ে আসে। একদিন তার শিক্ষক মোহাম্মদ আসগর আলী তাকে বুঝিয়ে বলেন যে, “অন্যদের মতো তোমারও হাত, পা আছে। তাহলে তুমি কাজকে ভয় পাবে কেন? তোমারও বুদ্ধি আছে। এভাবে অলস-অবোধ হয়ে থাকলে দেশেরও মানুষের কোন কল্যাণ করতে পারবে না। জানোতো অলসদের কেউ ভালোবাসে না।

৩। প্রদত্ত শব্দের অর্থ বুঝে শূন্যস্থান পূরণ কর :

১ × ৫ = ৫

শব্দ	শব্দার্থ
বিপদ	ঝামেলায় পড়া।
সাহস	ভয়হীনতা।
কল্যাণ	মঙ্গল।
অলস	কুড়ে।
ভীত	ভয়ে কাতর
বুদ্ধি	চিন্তা করার শক্তি, মেধা।

ক) বীরেরা ..... হয়।

খ) ..... হওয়া ভালো নয়।

গ) ..... দিয়ে বিচার করো।

ঘ) দেশের ..... করতে হবে।

ঙ) ..... দেখে ভয় পেয়ো না।

৪। নিচের প্রশ্ন গুলোর উত্তর লেখ :

৫ × ৩ = ১৫

ক) অলসদের কেউ ভালোবাসে না কেন ?

খ) অলসেরা দেশ ও মানুষের কাজে লাগে না কেন ?

গ) অলসতা মানুষের জন্য ক্ষতিকর কেন?

৫। বন্ধনীতে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী নিচের বাক্যগুলোর ক্রিয়াপদের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ রূপ লেখ : (যেকোনো ৫টি)

৫

ক) একলা বসে আপন মনে ভাবছি মায়ের কথা। (অতীত)

খ) বাঘের ভয়ঙ্কর গর্জনে সবাই ভয় পেয়ে গিয়েছিল। (বর্তমান)

গ) অঙ্কন পঞ্চম শ্রেণিতে পড়ে। (ভবিষ্যৎ)

